

জহর লাল হাজারী

কাউন্সিলর

৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড

চট্টগ্রাম সিটি কর্পোরেশন



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

JAHAR LAL HAZARI

Councillor

32 No. Anderkilla Word

Chattogram City Corporation

সূত্র :

তারিখ : ২২/০২/২০২৩ খ্রি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
গৃহীত
তাং. ২২/০২/২৩
স্বাক্ষর

বরাবর  
সচিব মহোদয়  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

বিষয়ঃ ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির (ডাব্লিউএলসিসি) সভা আয়োজন।

সূত্রঃ স্মারক নং- ৪৬.১১.১৬০০.০০১.১৮.০১৬.২২.৩০৬. তারিখ : ৩০ নভেম্বর ২০২৩

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন  
অত্র ৩২ নং আন্দরকিল্লা ওয়ার্ডের ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির (ডাব্লিউএলসিসি) ২০তম  
সভা সম্পন্ন করে আপনার দপ্তরে প্রেরণ করা হলো।

জহর লাল হাজারী  
কাউন্সিলর  
৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন হার্ডওয়্যার মার্কেট  
আনসার ক্লাব (২য় তলা), জেল রোড, চট্টগ্রাম।

০১৮১৫ ০১৬২৬৪

চট্টগ্রাম সিটি কর্পোরেশন  
ওয়ার্ড সমন্বয় কমিটি (WLCC)  
৩২ নং আন্দরকিল্লা ওয়ার্ড

স্মারক নং-

তারিখ : ১৭/১২/২০২৩ইং

সভার বিজ্ঞপ্তি

জনাব/জনাবা,

এতদ্বারা সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১৯/১২/২০২৩ইং তারিখ, সকাল ১১.০০ ঘটিকার সময় ৩২ নং আন্দরকিল্লা ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়ে ওয়ার্ড সমন্বয় কমিটির (WLCC) এক সভা অনুষ্ঠিত হবে।

এতে যথাসময়ে আপনার উপস্থিতি একান্তভাবে কামনা করি।

আলোচ্য বিষয়ঃ

- ১। পরিচিতি পর্ব
- ২। ওয়ার্ড কার্যালয় স্থাপন
- ৩। বিজয় মাসে বিজয় দিবস উদযাপন
- ৪। অন্যান্য


জনাব ... ..

... ..

ওয়ার্ড সমন্বয় কমিটি (WLCC)

অনুলিপি :

- ১। মাননীয় মেয়র মহোদয়, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৩। অফিস কপি।

  
জহর লাল হাজারী  
কাউন্সিলর  
৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন  
৩২ নং আন্দরকিল্লা ওয়ার্ড

ওয়ার্ড লেবেল কো-অর্ডিনেশন কমিটির সভার কার্য বিবরণীঃ

সভার তারিখ ও সময়ঃ- ১৯ ডিসেম্বর ২০২৩ইং, বেলা ১১.০০ ঘটিকা।

সভাপতি জনাব জহর লাল হাজারী  
কাউন্সিলর, ৩২ নং আন্দরকিল্লা ওয়ার্ড।

আলোচ্য সূচিঃ- চলমান অবকাঠামো নির্মাণের অগ্রগতি বিদ্যমান অবকাঠামো সমূহের রক্ষণাবেক্ষণ ও নতুন অবকাঠামোর চাহিদা।

স্বাস্থ্য ক্লিনিক ও বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে মতামত ও চাহিদা সম্পর্কে আলোচনা।

সভাপতি মহোদয় ওয়ার্ড লেবেল কো-অর্ডিনেশন কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করার মাধ্যমে সভায় স্বাগত জানিয়ে উন্মুক্ত আলোচনার আহ্বান জানান।

সন্মানিত সহ-সভাপতি সংরক্ষিত আসন নং ০৭ এর নারী কাউন্সিলর জনাবা রুমকি সেনগুপ্ত বলেন ৩২ নং আন্দরকিল্লা ওয়ার্ডে বিগত সভায় ড্রেনের উন্নয়নের বিষয়ে প্রস্তাব করা হয়। যাহা বর্তমানে চলমান আছে। নতুন অবকাঠামোর চাহিদার বিষয়ে সদস্যবৃন্দের মতামত জানিয়ে আগামী সভায় উপস্থাপন করার জন্য জোর দাবী জানালাম।

কমিটির সম্মানিত সদস্য জনাব এস. এম. নেহার তার বক্তব্যে বলেন জেল রোড হয়ে বদরপাতি রোড এবং বস্ত্রিরহাট কাঁচাবাজার পর্যন্ত ড্রেনের অবকাঠামো উন্নয়নের ফলে এলাকার জলাবদ্ধতা নিরসনে ব্যাপক ভূমিকা রাখবে। চলমান অবকাঠামো উন্নয়ন দ্রুততার সাথে সম্পন্ন করার বিষয়ে মতামত পেশ করেন। কমিটির সম্মানিত সদস্য জনাব লিটন কুমার দাশ বলেন ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ডে এনজিও সংস্থা “ডিএসকে” কর্তৃক দুইটি শৌচাগার নির্মাণ করায় এলাকায় জনসাধারণের সুবিধা বৃদ্ধি পেয়েছে। তিনি এজন্য সম্মানিত কাউন্সিলরের ভূমিকার প্রশংসা করেন। তিনি আরোও বলেন অত্র ওয়ার্ডে আব্দুল কাদের আল মাদানী দাতব্য চিকিৎসালয়ে সম্প্রতি স্বল্প পরিসরে প্যাথলজি বিভাগ চালু হওয়ায় এলাকার জনসাধারণ সুফল ভোগ করছেন। তিনি প্যাথলজি বিভাগের স্বক্ষমতা বৃদ্ধির বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মতামত পেশ করেন। তিনি আরও বলেন এনজিও সংস্থা “ইপসা” এর মাধ্যমে প্রাথমিক বর্জ্য সংগ্রহের বিষয়ে এলাকার পথ শিশুদের নিয়ে কার্যক্রম শুরু হওয়ায় এলাকার জন সাধারণের পূর্বের চেয়ে সচেতনতা বৃদ্ধি পেয়েছে। বহুজাতিক কোম্পানী ইউনিলিভার এর সহযোগিতা প্রদান কার্যক্রম চালু থাকায় সন্তোষ প্রকাশ করেন।

চলমান পাতা # ২

জহর লাল হাজারী  
কাউন্সিলর  
৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ:-

- ১। সর্বস্তরের জনসাধারণকে নিয়ে আগামী জানুয়ারী ২০২৪ইং এ পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে একটি র্যালি করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। আগামী মার্চ ২০২৪ইং এ ট্যাক্স ও হোল্ডিং বিষয়ে নাগরিকদের মাঝে সচেতনতা বৃদ্ধির প্রচারণার কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩। স্কুল পর্যায়ে পরিচ্ছন্নতা ও ট্যাক্স বিষয়ে আগামীর নাগরিক সৃষ্টি করতে ফেব্রুয়ারী ২০২৪ইং এ রচনা প্রতিযোগিতার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর সভাপতি মহোদয়ের ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির পরবর্তী কার্যক্রম সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



জহর লাল হাজারী  
কাউন্সিলর  
৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন